# আল-হাক্কাহ | Al-Haqqa | اَلْحَآقَّة

আয়াতঃ ৬৯ : ২৪

## আরবি মূল আয়াত:

كُلُوا وَ اشۡرَبُوا هَنِيۡٓـئًۢا بِمَاۤ اَسۡلَفۡتُمۡ فِی الۡاَیَّامِ الۡخَالِیَۃِ ﴿۲۴﴾

## অনুবাদসমূহ:

(বলা হবে,) ‘বিগত দিনসমূহে তোমরা যা অগ্রে প্রেরণ করেছ তার বিনিময়ে তোমরা তৃপ্তি সহকারে খাও ও পান কর’। — আল-বায়ান

(তাদেরকে বলা হবে) পরিপূর্ণ তৃপ্তির সঙ্গে খাও এবং পান কর বিগত দিনে তোমরা যা (নেক ‘আমাল) করেছিলে তার প্রতিদান স্বরূপ। — তাইসিরুল

তাদেরকে বলা হবেঃ পানাহার কর তৃপ্তির সাথে, তোমরা অতীত দিনে যা করেছিলে তার বিনিময়ে। — মুজিবুর রহমান

[They will be told], "Eat and drink in satisfaction for what you put forth in the days past." — Sahih International

২৪. বলা হবে, পানাহার কর তৃপ্তির সাথে, তোমরা অতীত দিনে যা করেছিলে তার বিনিময়ে।

-

তাফসীরে জাকারিয়া

(২৪) (তাদেরকে বলা হবে,) ‘পানাহার কর তৃপ্তির সাথে, তোমরা অতীত দিনে যা করেছিলে তার বিনিময়ে।’[1]

[1] অর্থাৎ, দুনিয়ায় যে নেক আমলগুলো করেছিলে তারই প্রতিদান হল এই জান্নাত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5347

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন